তারিখ ... 18 DEC 2002
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

দৈনিক
জনকণ্ঠ



কক্সবাজার যাবার পথে তারেক জিয়া মঙ্গলবার রাতে চট্টগ্রাম সার্কিট হাউসে পৌঁছেন —জনকণ্ঠ

# কক্সবাজারে ছাত্রদল নেতাদের মিলনমেলা বসছে আজ॥ তারেকের নেতৃত্বে নৌবিহার, গ্রুপিং মেটানোর উদ্যোগ!

জনকণ্ঠ রিপোর্ট ॥ দেশের চলমান সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক চরম অস্থিরতার মধ্যে সারা দেশের আড়াই শতাধিক ছাত্রদল নেতার দু'দিনব্যাপী মিলনমেলা সৈকত শহর কক্সবাজারে শুরু হচ্ছে আজ বুধবার থেকে। দু'দিনের এই আসরের প্রধান আকর্ষণ হলো বিএনপির প্রথম যুগ্ম মহাসচিব তারেক রহমান। দেশব্যাপী ছাত্রদলের অভ্যন্তরীণ দ্বন্দ্ব গ্রুপিং মিটমাট করে নীরব নিথর সংগঠনকে চাঙ্গা করার উদ্দেশ্যেই আয়োজন করা হয়েছে এই মিলনমেলার। অপরদিকে দেশের চলমান এক নাজুক পরিস্থিতিতে ক্ষমতাসীন দলের অঙ্গসংগঠনের বিশাল আয়োজন নিয়ে বিরূপ প্রতিক্রিয়ারও সৃষ্টি হয়েছে স্থানীয় বিভিন্ন মহলে। কক্সবাজার জেলা ছাত্রদলের সম্মেলনকে পুঁজি করে আয়োজিত দু'দিনের এই আসরের মধ্যে আজ বুধবার অনুষ্ঠিত হবে সম্মেলন। পরের দিন বৃহস্পতিবার ছাত্রদল নেতৃবৃন্দের বহর যাবে দিনব্যাপী সফরে দেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন্সে। সেই সাথে তাঁরা উপভোগ করবেন কয়েক ঘন্টার সমুদ্রযাত্রা। প্রবাল দ্বীপে যাবেন এক বিরাট জলযানে চড়ে। সমালোচকরা এই জলযান ভ্রমণকেই বলছেন-আরেক 'মিনি হিযবুল বাহার ভ্রমণ।' যা কিনা আশির দশকে রাষ্ট্রপতি জিয়াউর রহমান হিযবুল বাহার ভ্রমণ করে সেই সময় রাজনৈতিক অঙ্গনে আলোচনার ঝড় বইয়ে দিয়েছিলেন। সেই সময় রাষ্ট্রপতি জিয়া দেশের মেধাবী ছাত্রদের বহুল আলোচিত হিযবুল বাহার ভ্রমণে অংশগ্রহণ করিয়েই আজকের জাতীয়তাবাদী ছাত্রদলের যাত্রা করিয়েছিলেন। এ জন্য ইতোমধ্যেই রাজনৈতিক অঙ্গনে বলাবলি শুরু হয়েছে পিতারই পদাঙ্গানুসরণ করে তরুণ রাজনীতিক তারেক রহমান ছাত্রদলকে চাঙ্গা করার লক্ষ্যে এই মিশন শুরু করেছেন। সারা দেশের ছাত্রদলের নেতাদের সমাগম এবং তারেক রহমানের উপস্থিতিকে নিয়ে কক্সবাজার থেকে প্রবাল দ্বীপ সেন্টমার্টিন্স পর্যন্ত চলছে গত কয়েকদিন ধরে সাজ সাজ রব। দলীয় ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মাঝেও দীর্ঘদিন পর হলেও ফিরে এসেছে প্রাণচাঞ্চল্য। অপরদিকে মুক্তিযুদ্ধের এমন বিজয়ের মাসে দেশব্যাপী মুক্তিযুদ্ধের পক্ষে লেখক-সাংবাদিকসহ বিরোধী রাজনীতিবিদদের একের পর এক গ্রেফতারপূর্বক হয়রানির মাত্রা বাড়িয়ে দিয়ে পাশাপাশি ক্ষমতাসীন দলের অঙ্গসংগঠনের মিলনমেলার আয়োজন নিয়ে স্থানীয় মহলে ক্ষোভের সৃষ্টি হয়েছে।

দীর্ঘ ৫ বছর পর এবার কক্সবাজার জেলা ছাত্রদলের সম্মেলন হতে যাচ্ছে। এই সম্মেলনকে ইস্যু করেই মূলত নব্বইয়ের দশকে বিএনপির প্রাণ বলে কথিত ছাত্রদলের বর্তমান নেতৃত্বকে আবার ঝাঁকুনি দিয়ে চাঙ্গা করার কৌশল নেয়া হয়েছে। জাতীয়তাবাদী আদর্শের 'যুব-ছাত্র

(৪-এর পাতায় দেখুন)

## কক্সবাজারে ছাত্রদল

(প্রথম পাতার পর)

মহলে' দলীয় রাজনীতির আগামী দিনের একমাত্র কর্ণধার হিসাবে পরিচিত তরুণ রাজনীতিক তারেক রহমানই নিয়েছেন এই উদ্যোগ। বিএনপির নেতৃত্বে জোট ক্ষমতাসীন হওয়ার পর জোট এবং দলের নানা অভ্যন্তরীণ ঘটনাসহ সম্প্রতি দেশব্যাপী ছাত্রদলের নেতাকর্মীরা ঝিমিয়ে পড়েন। নানা স্থানে দ্বন্দ্ব গ্রুপিংসহ কেন্দ্রীয় কমিটিও পর্যন্ত একই কারণে রয়েছে ঝুলন্ত অবস্থায়। কিছুতেই যেন চাঙ্গা করা যাচ্ছিল না দেশব্যাপী ছাত্রদলকে। এ অবস্থায় তারেক জিয়ার নেতৃত্বে মূল দলের তরুণ নেতৃত্ব সারা দেশের ছাত্রদলকে একই স্থানে এনে 'গেট-টুগেদারের' মাধ্যমে নেতাকর্মীদের নতুন করে চাঙ্গা করার চেষ্টা চালাচ্ছেন।

একে তো ডিসেম্বর মাস বিজয়ের মাস। শীতের দিন তাই বেড়ানোর মোক্ষম সময়। আর বেড়ানো মানেই সাগর পাড় এবং প্রবাল দ্বীপ। এসব মাথায় নিয়ে কক্সবাজার জেলা ছাত্রদলের সম্মেলন ঘোষণা করা হয় বুধবার ১৮ ডিসেম্বর। এই সম্মেলনে দেশের সকল জেলা ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ কেন্দ্রীয় কমিটির সকল সদস্যকে দেয়া হয় আমন্ত্রণ। বিএনপির তরুণ নেতৃত্বের আরেক নেপথ্য নেতা হিসাবে পরিচিত একজন প্রতিমন্ত্রী সামগ্রিক আয়োজনের তত্ত্বাবধান করছেন। ছাত্রদলে প্রতিষ্ঠাকালীন সময়ে তাঁর উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে সংগঠনে। তাঁরই পরামর্শে কক্সবাজারের এই বিশাল আয়োজন চলছে। কক্সবাজার সৈকত তীরে গড়ে ওঠা সবচেয়ে বিলাসবহুল হোটেল সীগালে সম্মেলন এবং নেতাদের থাকার ব্যবস্থা করা হয়েছে। এমনকি শহরের নামীদামী হোটেল গেস্ট হাউস সবই এজন্য অগ্রিম বুকিং করা হয়েছে। মঙ্গলবার দেশের বিভিন্ন এলাকা থেকে ছাত্রদলের নেতৃবৃন্দ কক্সবাজারে সমবেত হতে শুরু করেছে। কক্সবাজারের ছাত্রদল সম্মেলনকে পুঁজি করেই মূলত বিএনপির তরুণ নেতৃত্ব দল ও অঙ্গসংগঠনে নতুন মেরুকরণ সৃষ্টি করতে প্রয়াস পাচ্ছেন।

### আড়াই শ' নেতা নিয়ে তারেক জিয়া কক্সবাজারে

চট্টগ্রাম থেকে স্টাফ রিপোর্টার জানান, কক্সবাজারে ছাত্রদলের সম্মেলন উপলক্ষে তারেক জিয়া মঙ্গলবার চট্টগ্রাম এসে পৌঁছলে ছাত্রদলের সর্বস্তরের নেতাকর্মীরা বিমানবন্দরে তাঁকে স্বাগত জানান। তারেক জিয়া তাঁর সাবেক আড়াই শ' নেতা নিয়ে চট্টগ্রামের সার্কিট হাউসে আসেন। সারা দেশ হতে নেতারা ঢাকায় সমবেত হন। এর পর তারেক জিয়ার সাথে চট্টগ্রাম আসেন। মঙ্গলবার বিকালে ২০টি গাড়িযোগে চট্টগ্রামের নেতাদের নিয়ে তারেক জিয়া কক্সবাজারে রওনা হন।

সূত্র জানায়, কক্সবাজার জেলা ছাত্রদলের সম্মেলনে উপস্থিত হয়ে তারেক জিয়া সারা বাংলাদেশের ছাত্রদলের কমিটিগুলোকে নতুন দিকনির্দেশনা দেবেন।